দৈনিক
ইত্তেফাক

তারিখ 6 JUN 2003
পৃষ্ঠা ... কলাম ...

কক্সবাজারে ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষ ॥ ৩ কেন্দ্রীয় নেতাসহ আহত ৮

কক্সবাজার (উত্তর) সংবাদদাতা ॥ বৃহস্পতিবার দুপুরে কক্সবাজার জেলা ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষে ৩ ছাত্রলীগ নেতাসহ ৮ জন আহত হয়েছে। উভয় গ্রুপের মধ্যে ২ ঘন্টাব্যাপী ধাওয়া-পাল্টা ধাওয়া চলাকালে কয়েকটি যানবাহন ভাংচুর করা হয়। পুলিশ ঘটনাস্থল থেকে তালিকাভুক্ত সন্ত্রাসী ছাত্রলীগ নেতা আবুল মনছুর লুদুকে গ্রেফতার করেছে। শহরের জেলা আওয়ামী লীগ অফিসে ছাত্রলীগের একটি জরুরী সভা চলাকালে বিদ্রোহী গ্রুপের নেতা মাহমুদুল করিম মাদুর নেতৃত্বে ২৫/৩০ জন ছাত্রলীগ কর্মী অতর্কিত হামলা চালালে কেন্দ্রীয় ছাত্রলীগের যুগ্ম সম্পাদক সীমান্ত তালুকদার, সহ-সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, কেন্দ্রীয় সদস্য মোস্তফা হুমায়ুন, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মঞ্জুর আলমসহ ৮ জন আহত হয়।